

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, ইক্সটন গার্ডেন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা।  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

**বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীদের অবসরজনিত কারণে প্রাপ্য আনুতোষিক ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের লক্ষ্যে “সুপারএ্যানুয়েশন ফান্ড গঠন ও পরিচালনা” নীতিমালা।**

**১। শিরোনাম।—** ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীদের অবসরজনিত কারণে প্রাপ্য আনুতোষিক ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পরিচালনা পর্যবেক্ষণের ২৮৮তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্তভাবে “সুপারএ্যানুয়েশন ফান্ড গঠন ও পরিচালনা” নীতিমালা প্রণয়ন করা হইল।

**২। সংজ্ঞা।—** বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

- (ক) “বোর্ড” অর্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড;
- (খ) “কর্মচারী” অর্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অধীনে নিয়োগকৃত নিয়মিত সকল কর্মকর্তা ও কর্মচারী; এবং
- (গ) “তহবিল” অর্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অধীনে নিয়োগকৃত নিয়মিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের অবসরজনিত কারণে প্রাপ্য আনুতোষিক ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য গঠিত সুপারএ্যানুয়েশন ফান্ড।

**৩। সুপারএ্যানুয়েশন ফান্ড গঠন।-**

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের চাকুরী প্রবিধানমালা অনুযায়ী কর্মচারীদের অবসর ও চাকুরি অবসায়নজনিত কারণে প্রাপ্য আনুতোষিক ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিয়ন্ত্রিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থের সমন্বয়ে “সুপারএ্যানুয়েশন ফান্ড” গঠিত হইবে।


- (ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক এককালীন ১০ (দশ) কোটি টাকা সীড মানি হিসেবে মঞ্চুরীকৃত অর্থ;
- (খ) প্রতি মাসে কর্মচারীদের মূল বেতনের ১০% সমপরিমাণ অর্থ বোর্ড হইতে প্রদত্ত হইবে;
- (গ) তহবিলের ঘাটতি পূরণের জন্য বোর্ড কর্তৃক সময় সময় মঞ্চুরীকৃত অর্থ;
- (ঘ) তহবিলের সঞ্চিত অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং
- (ঙ) অন্য কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

**৪। তহবিলের অর্থ জমা, বিনিয়োগ ইত্যাদি।—**

- (ক) তহবিলের অর্থ সংরক্ষণের জন্য “সুপারএ্যানুয়েশন ফান্ড” শিরোনামে একটি এসটিডি হিসাব থাকিবে। উক্ত হিসাব ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও পরিচালক (অর্থ ও কল্যাণ) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে; এবং
- (খ) প্রতিবছর অবসরজনিত আনুতোষিক ও অন্যান্য সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সন্তাব্য প্রয়োজনীয় অর্থ সংরক্ষণ করিয়া অবশিষ্ট অর্থ তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে জমা রাখা যাইবে।

**৫। তহবিলের অর্থ ব্যয় ও হিসাব নিরীক্ষা।-**

- (ক) এই তহবিলের অর্থ কেবলমাত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের চাকুরী প্রবিধানমালা অনুযায়ী অবসরজনিত কারণে এককালীন প্রাপ্য আনুতোষিক ও তৎসম্পর্কিত অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে ব্যয় হইবে। এতদ্ব্যতিত অন্য কোনো খাতে এই তহবিলের অর্থ ব্যয় করা যাইবে না;
- (খ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব, সময় সময়, বোর্ডের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক নিরীক্ষিত হইবে; এবং
- (গ) প্রতি অর্থ বৎসর শেষে তহবিলের আয়-ব্যয়ের প্রতিবেদন বোর্ড সভার অবগতির জন্য উপস্থাপন করতে হইবে।



গোলাম সরফর মোহাম্মদ জুলহাস (এনডিসি)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।